# ২০২১

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : DSE-B-3**

**(চরিতসাহিত্য, আত্মচরিত ও ভ্রমণসাহিত্য)**

**পূর্ণমান - ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদ্যলীলায় বৃন্দাবন দাস যে সমকালীন সমাজজীবনের চিত্র নির্মাণ করেছেন সংক্ষেপে তার বর্ণনা দাও। ১০

*অথবা,*

(খ) শ্রীচৈতন্যের অবতার হিসেবে আবির্ভূত হবার কারণগুলি চৈতন্যভাগবত অনুসারে নির্দেশ করো। ১০

২। (ক) ঠাকুরবাড়ির ছেলেদের সকাল থেকে রাত পর্যন্ত নানাধরনের শিক্ষালাভের যে-পরিচয় পাওয়া যায় 'জীবনস্মৃতি' গ্রন্থের 'নানা বিদ্যার আয়োজন' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) জীবনস্মৃতি গ্রন্থ অবলম্বনে রবীন্দ্রনাথের ছেলেবেলায় জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে সাহিত্যের যে হাওয়া বইত তার পরিচয় দাও। ১০

৩। (ক) 'দেশে-বিদেশে' গ্রন্থে আফগানিস্তানের যে ছবি দেখা যায় যে সম্পর্কে একটা সম্যক ধারণা দেওয়ার চেষ্টা করো। ১০

*অথবা,*

(খ) সৈয়দ মুজতবা আলী 'দেশে-বিদেশে' গ্রন্থে যে মজা, কৌতুক এবং হাসির অবতারণা করেছেন তার পরিচয় দাও। ১০

৪। (ক) শ্রীচৈতন্যের নামকরণ বৃত্তান্ত বর্ণনা করো। ৫

*অথবা,*

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের আদ্যলীলা অবলম্বনে 'দিগ্‌বিজয়ী উদ্ধার' প্রসঙ্গের গুরুত্ব কোথায়, বুঝিয়ে দাও। ৫

৫। (ক) জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে মহর্ষির উপস্থিতি সকলের মধ্যে কীরকম অবস্থার সৃষ্টি করত তা লেখো। ৫

*অথবা,*

(খ) 'এ বই আমি পড়িবই।'— কে, কাকে এবং কেন এই কথা বলছেন? বক্তা কীভাবে বইটি পড়েন লেখো। ২+৩

৬। (ক) সৈয়দ মুজতবা আলীর খাইবার পাস পেরোবার অভিজ্ঞতা বর্ণনা করো। ৫

*অথবা,*

(খ) হাওড়া স্টেশনে ফিরিঙ্গির সঙ্গে মুজতবা আলীর আলাপ হয় তার বিষয়ে লেখো। ৫

৭। টীকা লেখো (*যে-কোনো একটি*)। ৫×১

(ক) নিত্যানন্দ তত্ত্ব

(খ) জ্ঞানাঙ্কুর পত্রিকা

(গ) অধ্যাপক খুদাবখ্‌শ

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) সুবুদ্ধি রায় কে ছিলেন?

(খ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটির নাম পরিবর্তন করা হয় কেন?

(গ) 'চৈতন্যভাগবত'-এর আদিলীলায় কী কাহিনী বর্ণিত হয়েছে?

(ঘ) কোন কোন সূত্র থেকে বৃন্দাবনদাস চৈতন্যজীবনীর উপাদান সংগ্রহ করেন?

(ঙ) 'জীবনস্মৃতি' কবে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল?

(চ) 'বস্তুবিচার' ও 'মেঘনাদ বধ কাব্য' রবীন্দ্রনাথ কোন শিক্ষকের কাছে পড়েছিলেন?

(ছ) কে দাশু রায়ের পাঁচালি গাইতেন?

(জ) রবীন্দ্রনাথের যৌবনে কোন ঋতুর প্রাধান্য ছিল?

(ঝ) বাংলাদেশের আবহাওয়ার সঙ্গে পশ্চিমের আবহাওয়ার পার্থক্য কোনখানে?

(ঞ) সবল পাঠান এবং সুচতুর ইংরেজের কোথায় মিল দেখেছেন মুজতবা আলী?

(ট) লেখক আবদুর রহমানকে রবীন্দ্রনাথের কোন গল্প কোন ভাষায় তর্জমা করে শোনান?

(ঠ) কাবুলের শিক্ষামন্ত্রীর নাম কী ছিল? তাঁকে কে সহ্য করতে পারত না?

(ড) কাবুলে আমন উল্লাহ কোন দিনটিকে ছুটির দিন ঘোষণা করেন?

(ঢ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত কাব্যের নাম কী?

(ণ) নীলাম্বর চক্রবর্তীর পরিচয় দাও।

# ২০২১

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা - সাম্মানিক

**পত্র : DSE-B-4**

**(লোকসংস্কৃতি ও লোকসাহিত্য)**

**পূর্ণমান - ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ‘লোক’ ও ‘লোকসংস্কৃতি’র ধারণায় বারবার পরিবর্তন ঘটেছে। সংজ্ঞাও পালটেছে। এই বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) পারমার্থিক কামনা নয়, ইহলৌকিক কামনাই ব্রত-পালনের মুখ্য সুর।— ‘সেঁজুতি’ ব্রতানুষ্ঠানের প্রেক্ষিতে উক্তিটির যাথার্থ্য প্রতিপন্ন করো। ১০

২। (ক) ছড়ার একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। ছড়ার পাঠান্তরের কারণ নির্দেশ করো। ২+৮

*অথবা,*

(খ) ধাঁধার উদ্ভবসংক্রান্ত মতবাদগুলি সংক্ষেপে পর্যালোচনা করো। ১০

৩। (ক) প্রবাদের লক্ষ্য হল মানবচরিত্র ও তার সমালোচনা।— মন্তব্যটি বিচার করো। ১০

*অথবা,*

(খ) ‘রূপকথা লোককথার ভাণ্ডারটিকে সমৃদ্ধ করেছে।’— এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

৪। (ক) লোকসাহিত্যের শ্রেণিবিভাগ করো। ৫

*অথবা,*

(খ) টাইপ ও মোটিফের সংজ্ঞা দাও। ৫

৫। (ক) ছৌ-নৃত্যে মুখোশের ব্যবহার গুরুত্বপূর্ণ।— ছৌ-নৃত্যে মুখোশ ব্যবহারের তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) প্রাচীনকালে ধাঁধার একটি সামাজিক আচারগত মূল্য ছিল, এখনও কোথাও কোথাও আছে।— সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) প্রবাদ ও প্রবচনের পার্থক্য নির্দেশ করো। ৫

*অথবা,*

(খ) বাউল সাধনার মূল বক্তব্য মানবতত্ত্ব। লালনের গান এই তত্ত্বের প্রকৃষ্ট সমর্থক।— ব্যাখ্যা করো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫×১

(ক) পুণ্যিপুকুর

(খ) রায়বেঁশে

(গ) ভাটিয়ালি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'Folklore'-শব্দটি কে প্রস্তাব করেন?

(খ) 'Folklore'-এর বাংলা প্রতিশব্দ 'লোকসংস্কৃতি' ছাড়া অন্য একটি বাংলা প্রতিশব্দের উল্লেখ করো।

(গ) *টাইপ মোটিফ* পদ্ধতির আবিষ্কারে যে দুজন ব্যক্তি যুক্ত তাঁদের নাম উল্লেখ করো।

(ঘ) 'বাংলার ব্রত' বইটি কার লেখা?

(ঙ) 'ব্রত' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ নির্দেশ করো।

(চ) 'গম্ভীরা'-র একাধিক অর্থ।— একটি অর্থ লেখো।

(ছ) 'রায়বেঁশে' শব্দের অর্থ কী?

(জ) ছৌ-নৃত্যের দুটি প্রচলনক্ষেত্রের নাম লেখো।

(ঝ) বাংলা ধাঁধার প্রথম সংকলক কে?

(ঞ) 'ধাঁধা' শব্দের নানা অর্থ।— একটি অর্থ লেখো।

(ট) ছড়া ও প্রবাদের মধ্যে একটি পার্থক্য নির্দেশ করো।

(ঠ) 'প্রবাদ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ লেখো।

(ড) একটি বাংলা পৌরাণিক প্রবাদের উল্লেখ করো।

(ঢ) গাড়ীয়াল, মাহুত ও মইষ্যাল-এর সাক্ষাৎ কোন বাংলা লোকসংগীতে পাওয়া যায়?

(ণ) ব্রতকথার একটি বৈশিষ্ট্য নির্দেশ করো।